

MEDICAID

ম্যানেজড কেয়ার প্ল্যান চয়ন করা

NY State of Health মার্কেটপ্লেস-এর মাধ্যমে প্ল্যান
নির্বাচন করার সাহায্যকারী পরামর্শ

NYC[™] Human Resources
Administration
Department of
Social Services

Medicaid ম্যানেজড কেয়ার প্ল্যান চয়ন করা

আপনি Medicaid, যা যোগ্য নিউইয়র্কদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য বিমা কভারেজ প্রদান করে, তার জন্য যোগ্য কিনা জানতে NY State of Health, অফিসিয়াল স্বাস্থ্য প্ল্যান মার্কেটপ্লেসে যান। আপনি যোগ্য হলে, তার পরবর্তী ধাপ হল ম্যানেজড কেয়ার প্ল্যান চয়ন করা। স্বাস্থ্য প্ল্যান চয়ন করার জন্য আপনার কাছে 10 দিন আছে। আপনি যদি এই সময়ের মধ্যে প্ল্যান নির্বাচন না করেন তাহলে একজন আপনার জন্য চয়ন করবেন।

আপনার স্বাস্থ্য সেবাকে গুরুত্ব দিতে কোনো স্বাস্থ্য প্লানে ডাক্তার (নেটওয়ার্ক), ক্লিনিক, হাসপাতাল এবং ফার্মেসী একসঙ্গে কাজ করে। প্লানের নেটওয়ার্ক থেকে ডাক্তারদের মধ্যে থেকে একজনকে চয়ন করতে হবে যিনি হবেন আপনার প্রাইমারি কেয়ার প্রোভাইডার (PCP)। আপনার পরিচর্যার জন্য আপনার প্লানের নেটওয়ার্কে আপনার PCP বা অন্যান্য ডাক্তারের কাছে যেতে পারেন।

Medicaid ম্যানেজড কেয়ার প্ল্যানগুলোর খরচ খুব কম। সেগুলোও একই স্বাস্থ্য সেবা পরিষেবা কভার করে। কিন্তু সবগুলো একই রকম নয়:

- সেখানে ভিন্ন ডাক্তার এবং হাসপাতাল নেটওয়ার্ক থাকতে পারে
- সেখানে ভিন্ন প্রেসক্রিপশনকৃত ওষুধের কভার দেওয়া হতে পারে
- সেগুলোর গুণমান এবং রোগী সন্তুষ্টি রেটিং ভিন্ন হতে পারে

প্ল্যান বাছাই করা

আপনার জন্য সেরা প্ল্যান খুঁজতে সাহায্যের জন্য এগুলো করুন:

- আপনার সন্তানকে নিয়মিতভাবে যে ডাক্তারকে দেখান তিনি Medicaid প্লানের কোনগুলোর পরিষেবা প্রদান করেন তা তাকে জিজ্ঞাসা করুন
- আপনার কাছাকাছি প্লানের নেটওয়ার্কের ডাক্তার, হাসপাতাল এবং ক্লিনিক আছে কিনা তা দেখুন
- স্বাস্থ্য প্লান আপনার ওষুধগুলোর কভার দেয় কিনা তা চেক করুন
- আপনি যে ফার্মেসী থেকে ওষুধ নেন স্বাস্থ্য প্লানটি সেখানে প্রেসক্রিপশন করতে দেবে কিনা বিবেচনা করুন
- আপনি যাতে সুস্থ থাকতে পারেন তার জন্য প্লান কোনো বিশেষ প্রোগ্রাম অফার করে কিনা তা জিজ্ঞাসা করুন।

- বার্ষিক কার্যকারিতার উপভোক্তা নির্দেশিকা পর্যালোচনা করুন, যেখানে প্ল্যানগুলোকে পরিষেবা, কার্যকারিতা এবং উপভোক্তা সন্তুষ্টির হিসাবে রেট দেওয়া আছে। নির্দেশিকা ব্যবহার করতে এখানে যান: http://www.health.ny.gov/health_care/managed_care/consumer_guides/nyc/medicaid/

HIV স্পেশাল নিডস প্ল্যান (SNP)

যদি আপনি Medicaid-এর যোগ্য হন এবং আপনার HIV আছে, সেক্ষেত্রে আপনি HIV SNP-এ নাম নথিভুক্ত করতে পারেন। HIV SNPs হল এমন সব স্বাস্থ্য প্ল্যান যেখানে অতিরিক্ত সমন্বয় পরিষেবা প্রদান করা হয় এবং HIV আছে এমন মানুষ এবং তাদের পরিবারের সদস্যদের চাহিদা সম্পর্কে অবহিত এমন প্রোভাইডাররা এতে রয়েছে।

Nystateofhealth.ny.gov দেখুন বা HIV SNP এ নাম নথিভুক্তকরণের জন্য নিউইয়র্ক Medicaid CHOICE হেল্পলাইনের 1-800-505-5678 নম্বরে কল করুন।

কোনো প্ল্যান সম্পর্কে আরও তথ্যের জন্য:

Affinity Health Plan 1(866) 247-5678
Fidelis Care New York 1(888) 343-3547
EmblemHealth (HIP) 1(800) 447-8255
Empire Blue Cross Blue Shield Health Plus 1(800) 600-4441
Healthfirst PHSP, Inc. 1(866) 463-6743
MetroPlus Health Plan 1(800) 303-9626
United Healthcare Community Plan 1(800) 493-4647
WellCare of New York 1(800) 288-5441

HIV স্পেশাল নিডস প্ল্যান:

MetroPlus Health Plan Partnership in Care
1(800) 303-9626
VNS CHOICE SNP 1(866) 469-7774
Amida Care 1(800) 556-0689

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে www.nyc.gov/hilink-এ NYC Health Insurance Link দেখুন